

**2022 BENGALI LETTER WRITING , DRAFTING OF REPORT, PRECIS WRITING ,
COMPOSITION AND TRANSLATION
PAPER – I**

Time allowed – 3 Hrs

Full Marks - 200

If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

The figures in the margin indicate marks for each question.

Do not write your name, address etc .anywhere inside the answer book .Write X,Y,Z if necessary.

১। নিম্নলিখিত যে কোন একটি বিষয় সম্পর্কে আপনার অভিমত কোন বাংলা দৈনিক পত্রিকার সম্পাদকের কাছে অনধিক ১৫০ শব্দের মধ্যে পত্রাকারে বিবৃত করুন। (নাম – ঠিকানার পরিবর্তে X, Y, Z লিখুন) ৪০

(ক) জীবনটা অভিনয় না অভিনয়টা জীবন ?

(খ) শিক্ষায় রাজনীতি

(গ) নারী নির্যাতন ঘরে ও বাইরে

২। নিম্নলিখিত বিষয় সম্পর্কে ২০০ শব্দের মধ্যে একটি সম্পাদকীয় প্রতিবেদন লিখুন। ৪০

অপসংস্কৃতির অন্ধকারে নিমজ্জিত যুবসমাজ

৩। নিম্নলিখিত অংশের সারমর্ম লিখুন। ৪০

একটা পঙক্তি কৃষ্ণকান্ত আজকাল প্রায়ই আপনমনে বিড়বিড় করে আওড়ায়। হতো বা প্রান্সিস স্বর্গং, জিত্রা বা ভোক্ষসে মহীম। সংস্কৃত শেখা তার কাছে এক নতুন জগতের দরজা খুলে যাওয়ার মতো। এক গহিন চির-প্রদোষের স্নিগ্ধ আলো ছড়িয়ে আছে। কত ফুল, কত না লতানে গাছ, মহীরুহ। গায়ে কাঁটা দেয়। ব্যাকরণের বেড়াজাল সে অনায়াসে উপকাতে পারে ওই অসম্ভব রূপময় জগতে প্রবেশ করার তীব্র তৃষ্ণায়। বৃক্ষমূলের বেদিতে বসে আছেন ঋষিরা। জ্ঞান ও উপলব্ধির স্নিগ্ধ মহিমা তাদের মুখমণ্ডলে। যেখানে মায়ামুগ্ধ হরিণ শকুন্তলার আঁচল চিবিয়ে খায় স্নেহবশে। ন্যগ্রোধ, ইজুদি, বহ্নাশ্ফোট কত শব্দ কৃষ্ণকান্তর বুকের মধ্যে নানা রকম বিস্ফোরণ ঘটাতে থাকে। কিন্তু কোনও কোনও পঙক্তি তার বুকের মধ্যে গতিময় তিরের মতো এসে আমূল গেঁথে যায়। যদি মরো তো স্বর্গলাভ করবে, যদি জেতো তো ভোগ করবে পৃথিবীকে। এই পঙক্তির মধ্যে লুকোনো এক জাদু তাকে ভিন্নতর কাজে উত্তেজিত করে অনবরত।

মনুপিসি শুধু তাকে সংস্কৃতই শেখায় না। মাঝে মাঝে এমন সব কবিতার লাইন মুখস্থ করিয়ে দেয় যা দামামার শব্দ তুলে দেয় রক্তে। হয় সে কী সুখ এ গহন ত্যজি, হাতে লয়ে জয়দ্রী, জনতার মাঝে

ছুটিয়ে পড়িতে, রাজ্য ও রাজা ভাঙিতে গড়িতে, অত্যাচারের বক্ষে পড়িয়া হানিতে তীক্ষ্ণ ছুরি। জালিয়ানওয়ালাবাগের নৃশংস ঘটনার কথা এখনও লোকের মুখে মুখে ফেরে। কৃষ্ণকান্ত সেই ঘটনার পুঙ্খানুপুঙ্খ বিবরণ শুনে নিয়েছে মনুপিসির কাছে, মাস্টারমশাইয়ের কাছে। তার শরীর অস্পষ্ট অনির্দিষ্ট প্রতিশোধস্পৃহায় শিহরিত হয়।

৪। অনুচ্ছেদটি পাঠ করে তা থেকে গৃহীত প্রশ্নগুলির উত্তর লিখুন।

১০ x ৪ = ৪০

এখন নিরুপমার বিবাহের প্রস্তাব চলিতেছে। তাহার পিতা রামসুন্দর মিত্র অনেক খোঁজ করেন কিন্তু পাত্র কিছুতেই মনের মতন হয় না। অবশেষে মস্ত এক রায়বাহাদুরের ঘরের একমাত্র ছেলেকে সন্ধান করিয়া বাহির করিয়াছেন। উক্ত রায়বাহাদুরের পৈতৃক বিষয়-আশয় যদিও অনেক হ্রাস হইয়া আসিয়াছে কিন্তু বনেদি ঘর বটে। বরপক্ষ হইতে দশ হাজার টাকা পণ এবং বহুল দানসামগ্রী চাহিয়া বসিল। রামসুন্দর কিছুমাত্র বিবেচনা না করিয়া তাহাতেই সম্মত হইলেন; এমন পাত্র কোনোমতে হাতছাড়া করা যায় না। কিছুতেই টাকার জোগাড় আর হয় না। বাঁধা দিয়া, বিক্রয় করিয়া, অনেক চেষ্টাতেও হাজার ছয়-সাত বাকি রহিল। এ দিকে বিবাহের দিন নিকট হইয়া আসিয়াছে। অবশেষে বিবাহের দিন উপস্থিত হইল। নিতান্ত অতিরিক্ত সুদে একজন বাকি টাকাটা ধার দিতে স্বীকার করিয়াছিল কিন্তু সময়কালে সে উপস্থিত হইল না। বিবাহসভায় একটা তুমুল গোলযোগ বাধিয়া গেল। রামসুন্দর আমাদের রায়বাহাদুরের হাতে-পায়ে ধরিয়া বলিলেন, “শুভকার্য সম্পন্ন হইয়া যাক, আমি নিশ্চয়ই টাকাটা শোধ করিয়া দিব।” রায়বাহাদুর বলিলেন, “টাকা হাতে না পাইলে বর সভাস্থ করা যাইবে না।” এই দুর্ঘটনায় অন্তঃপুরে একটা কান্না পড়িয়া গেল। এই গুরুতর বিপদের যে মূল কারণ সে চেলি পরিয়া, গহনা পরিয়া, কপালে চন্দন লেপিয়া, চুপ করিয়া বসিয়া আছে। ভাবী শ্বশুরকুলের প্রতি যে তাহার খুব একটা ভক্তি কিংবা অনুরাগ জন্মিতেছে, তাহা বলা যায় না। ইতিমধ্যে একটা সুবিধা হইল। বর সহসা তাহার পিতৃদেবের অবাধ্য হইয়া উঠিল। সে বাপকে বলিয়া বসিল, “কেনাবেচা-দরদামের কথা আমি বুঝি না, বিবাহ করিতে আসিয়াছি বিবাহ করিয়া যাইব।” বাপ যাহাকে দেখিল তাহাকেই বলিল, “দেখেছেন মহাশয়, আজকালকার ছেলেদের ব্যবহার।” দুই-একজন প্রবীণ লোক ছিল, তাহারা বলিল, “শাস্ত্রশিক্ষা নীতিশিক্ষা একেবারে নাই, কাজেই।” বর্তমান শিক্ষার বিষময় ফল নিজের সন্তানের মধ্যে প্রত্যক্ষ করিয়া রায়বাহাদুর হতোদ্যম হইয়া বসিয়া রহিলেন। বিবাহ একপ্রকার বিষণ্ণ নিরানন্দ ভাবে সম্পন্ন হইয়া গেল।

(ক) “এই দুর্ঘটনায় অন্তঃপুরে একটা কান্না পড়িয়া গেল” - এখানে কোন দুর্ঘটনার কথা বলা হয়েছে ?

(খ) “দেখেছেন মহাশয়, আজকালকার ছেলেদের ব্যবহার” - কার ব্যবহার এর কথা বলা হয়েছে ? এমন ব্যবহার এর কারণ কি ?

(গ) বিবাহ কেন একপ্রকার নিরানন্দ ভাবে সম্পন্ন হইয়া গেল ?

(ঘ)“শুভকার্য সম্পন্ন হইয়া যাক, আমি নিশ্চয়ই টাকাটা শোধ করিয়া দিব।” এখানে কোন টাকা শোধের কথা বলা হয়েছে ?

৫। নিচে দেওয়া অংশটির বাংলা অনুবাদ করুন।

৪০

Once upon a time, great Caliph had a slave. He was very ugly. Yet the Caliph loved him. One day, the courtiers asked the Caliph, “O lord, how is that you love this slave more than all others? He is very ugly!” The Caliph answered, “Once as I was going through the streets of Basara, a camel of my train slipped and fell in the street. From the camel's back, there fell an ivory box containing my precious pearls. The pearls rolled away on the muddy streets. I said to my slaves, “ Here are precious pearls. Go and take them. Everybody will get what he picks.”All the slaves went to pick the pearls except this ugly one. I asked, “My good fellow, why don't you go and join your friends ?” The man replied, “You are the most precious of pearls. I stayed to guard you.” The courtiers said with one voice, “ O lord, truly you do well.”

.....

